## মহিলা বিষয়ক অধিদপ্তরের নারী নির্যাতন প্রতিরোধ সেল ও মহিলা সহায়তা কেন্দ্রের কার্যক্রমঃ

(১) অসহায় নির্যাতিত মহিলাদের বিনা খরচে আইনগত পরামর্শ প্রদান।

(২) নির্যাতিতা ও অসহায় নারীদের অভিযোগ গ্রহণ এবং বিনামূল্যে আইনী সহায়তা দান।

(৩) বাদী ও বিবাদী পক্ষের মধ্যে সালিশ/কাউন্সিলিং এর মাধ্যমে পারিবারিক কলহ মিমাংসা করা।

(৪) পারিবারিক নির্যাতনের শিকার নারীদের ভরণ পোষণ আদায়ের ব্যবস্থা করা।

(৫) নির্যাতিতা ও তালাক প্রাপ্ত নারীদের দেনমোহর আদায়ের ব্যবস্থা করা।

(৬) নাবালক সন্তানের খোরপোষ আদায়ের ব্যবস্থা করা।

(৭) যৌতুক প্রথাকে নিরুৎসাহিত করা।

(৮) বাল্য বিবাহ নিরোধের পক্ষে কাজ করা।

(৯) বিনা খরচে সেলে নিয়োজিত আইনজীবীর মাধ্যমে আদালতে মামলা পরিচালনায় সহায়তা করা।

(১০) মামলার ফলো-আপ।

(১১) পত্রিকায় প্রকাশিত নারী নির্যাতন সংক্রান্ত ঘটনার তথ্য সংরক্ষণ এবং ফলো-আপ।

(১২) নির্যাতিত ও আশ্রয়হীন নারীদের বিনা খরচে ৬ (ছয়) মাস পর্যন্ত (দু'টি সন্তানসহ অনুর্ধ ১২ বছরের নীচে) সহায়তা কেন্দ্রে আশ্রয় প্রদান।

(১৩) সহায়তা কেন্দ্রে আশ্রিত নারী ও শিশুদের বিনামূল্যে খাদ্য, বস্ত্র, চিকিৎসা ও প্রাথমিক শিক্ষা প্রদান।

(১৪) সমাজে পুর্নবাসনের লক্ষ্যে সহায়তা কেন্দ্রে অবস্থানকালীন সময়ে নারীদের বিনা খরচে প্রশিক্ষণ প্রদান।

## মহিলা বিষয়ক অধিদপ্তরের হেফাজত আবাসন সমূহের কার্যক্রমঃ

১। মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের বিচারকালীন সময়ে নিরাপদ আশ্রয়ের ব্যবস্থা করা।

২। বিনা মূল্যে খাদ্য, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা ও বিনোদনের ব্যবস্থা করা।

৩। নির্ধারিত শুনানীর দিনে নিরাপত্তার সাথে কোর্টে হাজির করা এবং কোর্ট হতে আবাসন কেন্দ্রে ফেরত আনা।

৪। আশ্রয়কালীন সময়ে তাদের দক্ষ জনসম্পদে উন্নীত করার লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি করা।

৫। কেন্দ্রে অবস্থানকালীন সময়ে শারিরীক ও মানসিক চিকিৎসা সহ সম্ভব্য আইনগত সহায়তা প্রদান করা।

৬। মহিলা ও শিশুদের মানবাধিকার সমুন্নত রাখা।


**মহিলা সহায়তা কর্মসূচি**
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়